দৈনিক সংবাদ

ডকুমেন্টেশন কেন্দ্র

26 JUN 1989
8

50

20

রাজশাহীর ডিগ্রী পরীক্ষা

# কয়েকশ' পরীক্ষার্থী বহিষ্কৃত

(উত্তরাঞ্চলীয় প্রতিনিধি)

পাবনা, ২৫শে জুন।-ডিগ্রী পরীক্ষার প্রথম দিনে পাবনা এডোয়ার্ড কলেজ কেন্দ্রের ৮শ' পরীক্ষার্থীর কেউই আজ নকল করেনি বা কেউ নকলের অভিযোগে বহিষ্কৃত হয়নি।

কলেজ কেন্দ্রের পরিদর্শকরা জানিয়েছেন যে, পরীক্ষা হলে প্রবেশের আগে পরীক্ষার্থীরা শপথ করে যে প্রয়োজন হলে তারা পরীক্ষাদানেই বিরত থাকবে, কিন্তু নকল করবে না। তারা তাদের শপথ পালন করেছে। প্রশ্ন কমন পড়েনি বলে ঐ কেন্দ্রের ১শ' ৮৭ জন পরীক্ষার্থী পরীক্ষা দেয়া থেকে বিরত থাকে।

ঈশ্বরদী থেকে পাওয়া খবরে জানা গেছে যে, একদল যুবক গতরাতে ঈশ্বরদী সরকারী

(শেষ পৃ: ২-এর ক: দ্র:)

রাজশাহীর ডিগ্রী পরীক্ষা

(১ম পাতার পর)

কলেজের অধ্যক্ষের কাছে গিয়ে ডিগ্রী পরীক্ষায় নকল করার সুযোগ দাবী করে। পাবনা জেলা প্রশাসক জানান যে, "যুবকদল অধ্যক্ষকে নতি স্বীকার করাতে ব্যর্থ হলে তারা আজ ভোরে কলেজের অধ্যক্ষের কামরায় ও আশপাশের কক্ষে বিপুল পরিমাণে বিষ্ঠা ঢেলে দিয়ে যায়।

খবর পেয়ে ঈশ্বরদীর ইউ এনও ঘটনাস্থলে গিয়ে বহুসংখ্যক ধাঙড় লাগিয়ে আবর্জনা পরিষ্কারের ব্যবস্থা করেন। ঐ কেন্দ্র থেকে আজ ২৩জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয় এবং ১শ' পরীক্ষার্থী পরীক্ষা দেয়া থেকে বিরত থাকে। ডি সি জানান যে, ঈশ্বরদী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে; তবে এখনো কাউকে গ্রেফতার করা হয়নি।

আজ পাবনার ৪টি পরীক্ষা কেন্দ্রে মোট ৩ হাজার ৪শ' ৪০জন পরীক্ষার্থীর মধ্যে ৬১জন বহিষ্কৃত হয় ও ৪শ' ৪২জন পরীক্ষা দেয়া থেকে বিরত থাকে। ভাংগুড়া কলেজ কেন্দ্র থেকে ২৬জনকে বহিষ্কার করা হয়। এই কেন্দ্রের ১জন পরীক্ষার্থীর কাছ থেকে ১টি ছাতা আটক করা হয়, যার ভেতরে বই ঢুকিয়ে সে নকল করছিল। ছাতাটি আজ পরীক্ষার খাতার প্যাকেটের সাথে আলাদা প্যাকেট করে পাঠিয়ে দেয়া হয়।

## বগুড়া

বগুড়া থেকে নিজস্ব সংবাদদাতা জানান: বৃহত্তর বগুড়ার ৬টি কেন্দ্র থেকে নকলের দায়ে ১শ' ২৭ জনকে বহিষ্কার করা হয়েছে।

## নীলফামারী

নীলফামারী থেকে জেলা বার্তা পরিবেশক জানান, প্রথম দিনে ডিগ্রী পরীক্ষায় নীলফামারী জেলার নীলফামারী কলেজ কেন্দ্র থেকে ৩৪জন ও সৈয়দপুর কলেজ কেন্দ্র থেকে ২৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

রংপুর থেকে নিজস্ব সংবাদদাতা এক তারবার্তায় জানান, জেলার ৫টি পরীক্ষা কেন্দ্র থেকে ২৫ জন পরীক্ষার্থী বহিষ্কার এবং সটিবাড়ী কলেজে ছাত্র বহিষ্কারকে কেন্দ্র করে হাঙ্গামা ও ককটেল বিস্ফোরণে ১৫ জন আহত হয়।

সটিবাড়ী পরীক্ষা কেন্দ্রে মিঠাপুকুর উপজেলার নির্বাহী অফিসার একজন পরীক্ষার্থীকে বহিষ্কার করলে পরীক্ষার্থী ও বহিরাগতরা হলের দরোজা জানালা ভাংচুর করে। এ সময় ৫টি ককটেল বিস্ফোরিত হয়। ফলে বহিরাগতসহ অন্ততঃ ১৫ জন পরীক্ষার্থী আহত হয়। হাঙ্গামার কারণে কমপক্ষে আধ ঘন্টা পরীক্ষা বন্ধ ছিল।

ঝিনাইদহ থেকে নিজস্ব সংবাদদাতা তারবার্তায় জানান, জেলার ৩টি কেন্দ্র থেকে ১৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। ঝিনাইদহ সরকারী কলেজ থেকে ৭ জন, কোটচাঁদপুর সরকারী কলেজ থেকে ৪ জন এবং কালীগঞ্জ এম ইউ কলেজ থেকে ২ জনকে বহিষ্কার করা হয়।